গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২০/০৫/২০২৫ খ্রি.

# স্নাতক (পাস) পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি অনলাইনে আবেদনের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) ১ম বর্ষে অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক উপবৃত্তি প্রদান করা হয়। সংশ্লিষ্ট শিক্ষার্থীদের https://estipend.pmeat.gov.bd সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে আবেদনের সময়সীমা আগামী ২২/০৫/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত পুনঃবৃদ্ধি করা হয়েছে। প্রতিষ্ঠান কর্তৃক ই-স্টইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেমে forward করার জন্য নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনের প্রিন্টকপি ও প্রয়োজনীয় কাগজপত্রাদি কলেজের প্রশাসনিক শাখায় জমা দিতে হবে এবং অপর ১(এক) কপি নিজের কাছে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য যে, ইতোপূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী যেসকল শিক্ষার্থী অনলাইনে আবেদন করেছে কিন্তু প্রিন্টকপি ও প্রয়োজনীয় কাগজপত্রাদি যথাসময়ে জমা দিতে পারেনি, তাদেরও এ বর্ধিত সময়ে জমা দিতে হবে।

**শর্তাবলী:**

১। **অনলাইনে আবেদন ও প্রিন্টকপি সংগ্রহের শেষ তারিখ:** ২২/০৫/২০২৫ খ্রি.

২। **প্রিন্টকপি ও প্রয়োজনীয় কাগজপত্র কলেজে জমাদানের সময়সীমা :** ২০/০৫/২০২৪ হতে ২২/০৫/২০২৪ খ্রি.

৩। **উপবৃত্তি প্রাপ্তির যোগ্যতা:**

(ক) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) ১ম বর্ষের নিয়মিত শিক্ষার্থী হতে হবে;
(খ) শ্রেণিকক্ষে কমপক্ষে ৭০% উপস্থিতি থাকতে হবে;
(গ) পূর্বের পরীক্ষার ফলাফলে জিপিএ ৩.৭৫ অথবা সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে;
(ঘ) পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার কম হতে হবে;
(ঙ) পিতা/মাতা/অভিভাবকের জমির পরিমাণ সিটি কর্পোরেশন এলাকায় ০.০৫ শতাংশ এবং অন্যান্য এলাকায় ০.৭৫ শতাংশের কম;
(চ) বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী, এতিম শিক্ষাথী, তৃতীয় লিঙ্গের শিক্ষাথী, ভূমিহীন পরিবারের সন্তান, বীর মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান, দুস্থ পরিবারের সন্তান অগ্রাধিকার পাবে;

৪। **ফরমের সাথে নিম্নোক্ত কাগজপত্র কলেজে জমা দিতে হবে:**

(ক) শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র (নির্ধারিত ফরম পূরণ করতে হবে);
(খ) পিতা/মাতা/অভিভাবক সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে অফিস প্রধানের প্রত্যয়নপত্র (নির্ধারিত ফরম পূরণ করতে হবে);
(গ) শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি ১কপি;
(ঘ) শিক্ষার্থীর অনলাইন জন্মনিবন্ধন সনদপত্র (১৭ ডিজিট বিশিষ্ট);
(ঙ) শিক্ষার্থীর সকল প্রকার পরীক্ষার নম্বরপত্র, প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি;
(চ) পিতা ও মাতা অথবা অভিভাবকের (পিতা/মাতার অবর্তমানে) NID কার্ড এর ফটোকপি;
(ছ) উপবৃত্তি প্রদানের নিমিত্ত শিক্ষার্থী/পিতা/মাতার মোবাইল ব্যাংকিং হিসাব নম্বর হিসেবে শুধু সচল "নগদ" নম্বর দিতে হবে।

20.05.2025
(প্রফেসর মো. আবু ছৈয়দ চৌধুরী)
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

20/05/2025

**বিতরণ:**

১। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
২। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেওয়া গেল;
৩। সংরক্ষণ নথি।